গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাজিরপুর, পিরোজপুর।
www.nazirpur.pirojpur.gov.bd

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত (৪৫ দিন ব্যাপী) ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে নাজিরপুর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী তথা তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে-

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০ বছর (শুমারি তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধনের কপি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার (প্রতি ৯জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যূনতম স্নাতক ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতিটি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত করা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ঐ |
| ০৩ | আইসিটি সুপারভাইজার-০২ (দুই) জন | ১। ন্যূনতম ব্যাচেলার ডিগ্রী বা সমমান পাস; বয়স ২৫-৪৫<br>২। ট্যাবলেট/ স্মার্টফোন/কম্পিউটার বিষয়ে বিশেষ জ্ঞান এবং ট্যাবলেট ও অ্যাপ সমস্যার তাৎক্ষনিক সমাধান। | আইটি সাপোর্ট, নেটওয়ার্কিং এবং টিম ম্যানেজমেন্টে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ঐ | ঐ |

আবেদন ফরম প্রাপ্তির স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাজিরপুর, পিরোজপুর/ ওয়েবসাইটে https://nazirpur.pirojpur.gov.bd এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, নাজিরপুর, পিরোজপুর/ ওয়েবসাইটে https://dss.nazirpur.pirojpur.gov.bd পাওয়া যাবে।

আবেদন ফরম দাখিলের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়, নাজিরপুর, পিরোজপুর।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি**

| ক্র.নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ হতে ২৪/০৭/২০২৬ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২১/০৭/২০২৬ হতে ২৪/০৭/২০২৬ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ সকাল ১০.০০ ঘটিকায় |

চলমান পাতা-০২

## অন্যান্য শর্তাবলী

১) তথ্য সংগ্রহকারীগণকে শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।
৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।
১০) নিরপেক্ষভাবে তথ্য সংগ্রহ করতে হবে।

22/7/26

(সাজিয়া শাহনাজ তমা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী
স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
নাজিরপুর, পিরোজপুর।

স্মারক নং : ৪১.০১.৭৯৭৬.০০০.১৪.০০২.২৬.১১৮ তারিখ : ২১/০৭/২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১. মাননীয় সংসদ সদস্য, ১২৭ পিরোজপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ
০২. মাননীয় সংসদ সদস্য, ৩৪৯, মহিলা আসন-৪৯, বাংলাদেশ জাতীয় সংসদ
০৩. জেলা প্রশাসক, পিরোজপুর
০৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পিরোজপুর
০৫. প্রশাসক, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর
০৬. সহকারী কমিশনার (ভূমি), নাজিরপুর, পিরোজপুর
০৭. অফিসার ইনচার্জ, নাজিরপুর থানা, পিরোজপুর
০৮. উপজেলা ....................................................... কর্মকর্তা, নাজিরপুর, পিরোজপুর
০৯. জনাব ................., সদস্য, ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, নাজিরপুর, পিরোজপুর
১০. জনাব ................., সদস্য, ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, নাজিরপুর, পিরোজপুর
১১. চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ........................................ইউনিয়ন পরিষদ (সকল), নাজিরপুর, পিরোজপুর
১২. জনাব..........................................................................................., নাজিরপুর, পিরোজপুর
১৩. অফিস কপি।

21.07.26

মোঃ মাহাবুব
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্যসচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী
স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
নাজিরপুর, পিরোজপুর।